

এসএসসিতে ৯২১ পরীক্ষার্থীর ফল পরিবর্তন

■ সমকাল প্রতিবেদক
এ বছর এসএসসির উত্তরপত্র পুনর্নিরীক্ষণে ঢাকা, বরিশাল ও চট্টগ্রাম
বোর্ডের ৯২১ শিক্ষার্থীর ফল পরিবর্তন হয়েছে।
এর মধ্যে নতুন করে জিপিএ ৫ পেয়েছে ঢাকা
বোর্ডে ১০৫ জন, বরিশালে ১১ জন এবং
চট্টগ্রামে ২৩ শিক্ষার্থী। গতকাল শনিবার এই
ফল প্রকাশ করা হয়।

উত্তরপত্র পুনর্নিরীক্ষণ

চলতি বছর এসএসসি পরীক্ষায় অংশ নেওয়া ঢাকা শিক্ষা বোর্ডের
আওতাধীন ১০টি জেলার আরও ১০৫ ছাত্রছাত্রী নতুন করে জিপিএ ৫
পেয়েছে। এ ছাড়া এ পরীক্ষায় ফেল করা ৯০ শিক্ষার্থী পাস করেছে। এ ফল
ঢাকা শিক্ষা বোর্ডের ওয়েবসাইটে দেওয়া হয়েছে।

গত ৩০ মে এসএসসির ফল প্রকাশ করা হয়। ওই দিন থেকে গত ৬ জুন
পর্যন্ত এসএসসির ফল পুনর্নিরীক্ষণের আবেদন টেলিটক মোবাইল ফোনের
মাধ্যমে গ্রহণ করা হয়। গতকাল এর ফল প্রকাশ করা হলো। প্রাপ্ত ফলে
দেখা গেছে, ঢাকা শিক্ষা বোর্ডে এবার ফল পুনর্নিরীক্ষণের জন্য মোট
আবেদন করেছিল ৩২ হাজার ৩২৬ পরীক্ষার্থী। তাদের মধ্যে ফল পরিবর্তন
হয়েছে ৬৬৫ জনের। নতুন করে সর্বোচ্চ ফল জিপিএ ৫ পেয়েছে ১০৫ জন।
আর ফেল থেকে পাস করেছে ৯০ জন। এবার পুনর্নিরীক্ষণের জন্য মোট
খাতা দেখতে হয়েছে ৮৫ হাজার ১০৩টি।

ঢাকা শিক্ষা বোর্ডের সিনিয়র সিস্টেম অ্যানালিস্ট চৌধুরী মনজুরুল কবির
সমকালকে জানান, গতবারের তুলনায় এবার আবেদনকারী পরীক্ষার্থীর
সংখ্যা বেশি ছিল। বেশিরভাগ পরীক্ষার্থীই এবার গণিতের খাতা চ্যালেঞ্জ
করেছে।

জানা গেছে, পরিবর্তিত ফলের ভিত্তিতে আজ রোববার রাত ১২টা পর্যন্ত
পছন্দের কলেজে আবেদন করতে পারবে এসব শিক্ষার্থী। কলেজগুলোতে
একাদশ শ্রেণীতে ভর্তির আবেদনে আজ ২১ জুন রাত ১২টায় শেষ হচ্ছে।
গতকাল শনিবার বিকেল পর্যন্ত কলেজে ভর্তির জন্য অনলাইনে মোট ১১ লাখ
৩৫ হাজার আবেদন জমা পড়েছে বলে জানিয়েছেন ঢাকা বোর্ডের সিনিয়র
সিস্টেম অ্যানালিস্ট।

অন্যদিকে, গতকাল বরিশাল শিক্ষা বোর্ডে এসএসসি পরীক্ষার উত্তরপত্র
পুনর্নিরীক্ষণে ১০ পরীক্ষার্থী নতুন করে পাস করেছে এবং ১১ পরীক্ষার্থী
জিপিএ ৫ পেয়েছে। এই বোর্ডে ১১ হাজার ৬৫৮টি বিষয়ে ৫ হাজার ২৮৮
জন শিক্ষার্থী আবেদন করে। তাদের মধ্যে মোট ৬৫ জনের ফল পরিবর্তন
হয়। শিক্ষা বোর্ডের চেয়ারম্যান অধ্যাপক জিয়াউল হক বলেন, যেসব
শিক্ষার্থী তাদের ফল পুনর্বিবেচনার জন্য আবেদন করেছে, তাদের পরীক্ষার
খাতাগুলো পুনর্নিরীক্ষণ করা হয়েছে।

এ ছাড়া চট্টগ্রাম শিক্ষা বোর্ডে মাধ্যমিকের উত্তরপত্র পুনর্নিরীক্ষণে ১৯১ জনের
ফল পরিবর্তন হয়েছে। এর মধ্যে জিপিএ ৫ পাওয়া দু'জনসহ ফেল থেকে মোট
৪৪ পরীক্ষার্থী পাস করেছে। নতুন করে জিপিএ ৫ পেয়েছে ২৩ শিক্ষার্থী। এই
বোর্ডে ৯ হাজার ৭৮৬ জন শিক্ষার্থী ২২ হাজার ৫২৩টি উত্তরপত্র পুনর্নিরীক্ষণের
আবেদন করে। এর মধ্যে সবচেয়ে বেশি আবেদন পড়েছে গণিতে। চার হাজার
২৮৬টি গণিতের উত্তরপত্র পুনর্নিরীক্ষণ করা হয়।